

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

<p>কর্মচারী পরিদপ্তর ওয়াপদা ভবন (১১ তলা) মতিঝিল বা/এ, ঢাকা-১০০০</p>		<p>ফোন : ০২৯৫৬২৩৩৮ ফ্যাক্স : ০২৯৫৬৪৭৬৩ ই-মেইলঃ dir.personnel@bwdb.gov.bd</p>
--	---	--

স্মারক নং-১৯৮-পাউবো/(কপ)/বি-৩/শা-২/মামলা-১৪/২০১৯

তারিখ : ১৭ ভাদ্র, ১৪২৬ বঙ্গাব্দ
০১ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিঃ

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-১২৫৯২/২০১৮ (মোঃ সাখাওয়াত হোসেন সরকার, উর্দ্ধতন হিসাব সহকারী ও অন্যান্য বনাম বাপাউবো) সংক্রান্ত।
সূত্রঃ রিট পিটিশন নং-১২৫৯২/২০১৮ এর রায়, তারিখঃ ১৫/১০/২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে আপনাকে জানানো যাচ্ছে যে, রিটপিটিশন ও আপনাদের ১৯/১১/২০১৭ খ্রিঃ তারিখের আবেদন হতে দেখা যায়, আপনারা (রিটকারীগণ) হিসাব করণিক পদে ০৫ বছর সফলভাবে চাকুরী সম্পন্ন করার তারিখ হতে উর্দ্ধতন হিসাব সহকারী পদের জ্যেষ্ঠত্ব প্রদানের অনুরোধ করেছেন। এছাড়া ২০১৩ ও ২০১৪ সালে বোর্ডে সরাসরি নতুন নিয়োগপ্রাপ্ত উর্দ্ধতন হিসাব সহকারীগণের উপরে/আগে জ্যেষ্ঠত্ব প্রদান করার জন্যও অনুরোধ করা হয়েছে।

০২। উর্দ্ধতন হিসাব সহকারীর ফিডার পদ হিসাব করণিক। ফিডার পদে ০৫ বছর চাকুরী সম্পন্ন হলে উর্দ্ধতন হিসাব সহকারী পদে পদোন্নতির যোগ্যতা অর্জিত হয়। যোগ্যতা অর্জন করার সাথে সাথেই উর্দ্ধতন পদে পদোন্নতির কোন সুযোগ নেই। কেননা, পদোন্নতিযোগ্য পদ শূন্য থাকা, ফিডার পদধারীদের অনুমোদিত জ্যেষ্ঠত্ব তালিকা থাকা, পদোন্নতির তফসিল থাকা, পদোন্নতির প্রক্রিয়া চালু থাকা, পদোন্নতিযোগ্য শূন্যপদ/পদসমূহ পূরণে বোর্ডের চাহিদা/প্রয়োজনীয়তা থাকা ইত্যাদি বিষয়গুলোর উপর নির্ভর করে। সরাসরি নিয়োগের আগে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করতে হবে এমন কোন বাধ্যবাধকতা নেই। পদোন্নতি কোটার পদ এবং নিয়োগ কোটার পদ সম্পূর্ণ আলাদা। সুতরাং কর্তৃপক্ষ যে কোন সময় পদোন্নতি/নিয়োগ প্রদান করতে পারে। বাপাউবোর্ডের প্রবিধানমালা'২০১৩ এর প্রবিধান ১৭(৫) অনুযায়ী একই তারিখে যোগদানকারী সরাসরি নিয়োগপ্রাপ্ত ও পদোন্নতিপ্রাপ্ত কর্মচারীগণের মধ্যে পদোন্নতিপ্রাপ্ত কর্মচারীগণ জ্যেষ্ঠ হবেন (সংযুক্তি-১)। সুতরাং একই পঞ্জিকা বছরে পদোন্নতিপ্রাপ্তগণ নিয়োগপ্রাপ্তগণের জ্যেষ্ঠ হবেন এ বিধান পানি উন্নয়ন বোর্ডের কর্মচারীগণের ক্ষেত্রে প্রযোজ্য নয়।

০৩। উল্লেখ্য, ০৫/০৭/২০১২ খ্রিঃ তারিখের পানি সম্পদ মন্ত্রণালয়ের পত্রানুযায়ী বোর্ডে পদোন্নতির প্রক্রিয়া বন্ধ ছিল (সংযুক্তি-০২)। এ সময়ে বোর্ডের অন্তর্বর্তীকালীন তফসিল (উর্দ্ধতন হিসাব সহকারীর ফিডার পদ ছিল হিসাব করণিক/নিম্নমান সহকারী/নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক(ডিইও)/হিসাব করণিক-কাম-ক্যাশিয়ার/রেকর্ড কিপার) (সংযুক্তি-০৩) অনুযায়ী হিসাব করণিক ও অহিনি শ্রেণীগুলোর ডিইও/নিম্নমান সহকারীদের সমন্বয়ে খসড়া জ্যেষ্ঠত্ব প্রস্তুত করা হয়। উক্ত খসড়া জ্যেষ্ঠত্ব চূড়ান্তকরণের পূর্বেই ০৭/০৫/২০১৩ সালে বাপাউবোর প্রবিধানমালা'২০১৩ এর গেজেট প্রকাশিত হয়। যেখানে উর্দ্ধতন হিসাব সহকারীর ফিডার পদ হিসেবে শুধু হিসাব করণিককে দেখানো হয়। তফসিল জারির মাধ্যমে মন্ত্রণালয়ের পদোন্নতি বন্ধের আদেশ রহিত/অকার্যকর হয়। ঐ সময় পদোন্নতির কোটায় উর্দ্ধতন হিসাব সহকারীর ৮৮টি পদ শূন্য ছিল। তফসিল অনুযায়ী পদোন্নতির প্রক্রিয়া শুরু করার সাথে সাথেই অহিনি শ্রেণীগুলোর ডিইওগণ পূর্বের নিয়মে প্রবিধানমালা'২০১৩ এর হেফাজত প্রবিধান ৬৯(৪) অনুযায়ী পদোন্নতির জন্য আবেদন-নিবেদন করতে থাকেন এবং এ বিষয়ে লেখা-লেখি চলতে থাকে।

০৪। এক পর্যায়ে বোর্ড কর্তৃক সিদ্ধান্ত নেয়া হয় যে, উর্দ্ধতন হিসাব সহকারীর পদোন্নতির কোটায় শূন্য ৮৮টি পদের মধ্য হতে যৌথ খসড়া জ্যেষ্ঠত্ব তালিকার ১-৮৮ পর্যন্ত অবস্থানকৃত ডিইওগণের জন্য ৩২টি পদ (ঐ সময়ে জ্যেষ্ঠত্ব তালিকায় ১-৮৮ পর্যন্ত ৩২জন ডিইও কর্মরত ছিলেন) সংরক্ষণ রেখে বাকি ৫৬টি পদে হিসাব করণিক থেকে পদোন্নতি প্রদান করা যায়। অতঃপর শুধু হিসাব করণিকদের জন্য জ্যেষ্ঠত্ব তালিকা প্রস্তুতকরণে পদোন্নতির প্রক্রিয়া শুরু করা হয় এবং ২৭/০৪/২০১৪ খ্রিঃ তারিখে ৫৫ জন হিসাব করণিককে উর্দ্ধতন হিসাব সহকারী পদে পদোন্নতি প্রদান করা হয় (সংযুক্তি-০৪)। উক্ত আদেশে রিট আবেদনকারী জনাব মোঃ সাখাওয়াত হোসেন সরকারকেও পদোন্নতি প্রদান করা হয় (সংযুক্তি-০৪ এর ক্রমিক নং-৩২)।



